

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৬৯১

৪৬/ রাসূলুল্লাহ ্রুভ্ভি ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولَ اللهِ ﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولَ اللهِ ﴾ পরিচ্ছেদঃ ১৮. 'উমার ইবনুল খাত্তাব (রাযিঃ)-এর মর্যাদা

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ صَبَّاحِ الْبَرَّارُ، حَدَّثَنَا زَيْدُ بْنُ حُبَاب، عَنْ خَارِجَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سُلُيْمَانَ بْنِ زَيْدِ بْنِ قَابِت، أَخْبَرَنَا يَزِيدُ بْنُ رُومَانَ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَة، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم جَالِسًا فَسَمِعْنَا لَغَطًا وَصَوْتَ صِبْيَانٍ فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَإِنَا حَبَشِيَّةٌ تُزْفِنُ وَالصِبِّبْيَانُ حَوْلَهَا فَقَالَ " يَا عَائِشَةُ تَعَالَىٰ فَانْظُرِي " . فَجِئْتُ فَوَضَعَتْ لَحْيَىَّ عَلَى مَنْكِب رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَإِنَا حَبَشِيَّةٌ تُزْفِنُ وَالصِبْبْيَانُ حَوْلَهَا فَقَالَ " يَا عَائِشَةُ تَعَالَىٰ فَخَعَلْتُ أَنْظُرَ إِلَيْهَا مَا بَيْنَ الْمَنْكِب إِلَى رَأْسِهِ فَقَالَ لِي " أَمَا شَبِعْتِ أَمَا شَبِعْتِ " . قَالَتْ فَقَالَ فَجَعَلْتُ أَقُولُ لاَ لأَنْظُر مَنْزِلَتِي عِنْدَهُ إِذْ طَلَعَ عُمَرُ قَالَ فَارْفَضَّ النَّاسُ عَنْهَا قَالَتْ فَقَالَ وَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنِّي لأَنْظُرُ إِلَى شَيَاطِينِ الْإِنْسِ وَالْجِنِّ قَدْ فَرُّوا مِنْ مُمَن الْمَرْفِ عَيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ عُمَرً " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ عَمَرَ " . قَالَتْ فَرَجَعْتُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ

বাংলা

৩৬৯১। আয়িশাহ (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বসা ছিলেন। সে সময় আমরা একটা সোরগোল ও শিশুদের হৈচৈ শুনতে পেলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম উঠে গিয়ে দেখলেন, এক হাবশী নারী নেচেকুদে খেলা দেখাচ্ছে আর শিশুরা তার চারদিকে ভীড় জমিয়েছে। তিনি বললেনঃ হে 'আয়িশাহ! এসো এবং প্রত্যক্ষ কর। অতএব আমি গেলাম এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর কাধের উপর আমার চিবুক রেখে তার খেলা প্রত্যক্ষ করতে লাগলাম। আমার চিবুক ছিল তার মাথা ও কাধের মধ্যবর্তী জায়গায়। (কিছুক্ষণ পর) আমাকে তিনি বললেনঃ তুমি কি তৃপ্ত হওনি, তোমার কি তৃপ্তি পূর্ণ হয়নি। তিনি বলেন, আমি না, না বলতে থাকলাম। আমার লক্ষ্য ছিল, আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কতটুকু খাতির করেন তা পর্যবেক্ষণ করা। ইত্যবসেরে উমর (রাযিঃ) আবির্ভূত হন এবং মুহুর্তের মধ্যে সমস্ত লোক তার কাছ হতে সটকে পড়ে। আয়িশাহ (রাযিঃ) বলেন, সে সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি দেখলাম জিন ও মানববেশধারী শাইতানগুলো 'উমারকে দেখেই সরে যাচেছ। তিনি



বলেন, তারপর আমি ফিরে এলাম।
সহীহঃ মিশকাত (৬০৪৯)।
আবূ ঈসা বলেন, উপর্যুক্ত সনদে এ হাদীসটি হাসান সহীহ গারীব।

English

Narrated 'Aishah:

that the Messenger of Allah (ﷺ) was sitting and we heard a scream and the voices of children. So the Messenger of Allah (ﷺ) arose, and it was an Ethiopian woman, prancing around while the children played around her. So he said: 'O 'Aishah, come (and) see.' So I came, and I put my chin upon the shoulder of the Messenger of Allah (ﷺ) and I began to watch her from between his shoulder and his head, and he said to me: 'Have you had enough, have you had enough?'" She said: "So I kept saying: 'No,' to see my status with him. Then 'Umar appeared." She said: "So they dispersed." She said: "So the Messenger of Allah (ﷺ) said: 'Indeed I see the Shayatin among men and jinn have run from 'Umar.' She said: 'So I returned.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন